

দুস্থদের মাঝে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার এর বস্ত্র বিতরণ



৪ ফেব্রুয়ারি, ২০১৯-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ প্রতিবারের ন্যায় এবারো বার্ষিক বস্ত্র বিতরণ কর্মসূচি গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উক্ত কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সম্পাদক অধ্যাপক ড. মো: মনিরুজ্জামান খন্দকার, রোভার স্কাউট লিডারবৃন্দ সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার ইন কাউন্সিল এর সভাপতি ও সাধারন সম্পাদক উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বিশ্ববিদ্যালয় তহবিলের অনুদান, রোভার স্কাউট গ্রুপের সদস্যদের সহায়তা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাধারন শিক্ষার্থীদের প্রদানকৃত স্বেচ্ছাপ্রনোদিত অর্থের মাধ্যমে প্রায় ২০০ জন দুস্থদের মাঝে বস্ত্র বিতরণ করা হয়েছে